গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-২০, ঢাকা।
৬৩, পশ্চিম আগারগাঁও, ঢাকা।
https://taxeszone20dhaka.gov.bd



নথি নং: নিয়োগ কার্যক্রম-২/কঃঅঃ-২০, ঢাকা/২০২৬-২০২৭/২৯৯

তারিখঃ ১৮ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ০৩ নভেম্বর ২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা কর অঞ্চল-২০, ঢাকা এর নিয়োগ পরীক্ষা-২০২৬ এর চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনাদের আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা বরাবর সরকারি ডাকযোগে নিয়োগপত্র প্রেরণ করা হয়েছে। সকল পদের প্রার্থীদের যোগদানের তারিখ ১২.১১.২০২৬ ইং। প্রার্থীদের যোগদানের সময় নিম্নলিখিত কাগজপত্র দাখিলের জন্য বলা হলো:

(ক) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমাণের নিমিত্তে মূল সার্টিফিকেট এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক উক্ত সার্টিফিকেটের ১ সেট সত্যায়িত ছায়ালিপি;
(খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি;
(গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ছায়ালিপি;
(ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ছায়ালিপি(যদি থাকে);
(ঙ) সিভিল সার্জনের নিকট থেকে নির্ধারিত ফরমে স্বাস্থ্যগত যোগ্যতার সনদপত্র;
(চ) ডোপ টেস্ট রিপোর্টের সত্যায়িত ছায়ালিপি;
(ছ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(জ) এই নিয়োগপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ছায়ালিপি;
(ঝ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);
(ঞ) স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ (ফরমটি চাকরিতে যোগদানের সময় সরবরাহ করা হবে) এবং
(ট) প্রার্থী কর্তৃক পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম।

উল্লেখ্য যে, যদি কোন প্রার্থী ডাকযোগে প্রেরিত নিয়োগপত্র যথাসময়ে না পেয়ে থাকেন তবে নিম্নস্বাক্ষরকারীর সাথে অতিসত্বর যোগাযোগ করার জন্য বলা হলো।

০৩/১১/২০২৬

(নিপু চন্দ্র দে)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল- ২০, ঢাকা।
ফোন: ০২-৪১০২৫২৯৯